Number of printed pages: 5 (five) **DCBL-2024-203**

**2024**

Diploma Course in Bengali Language (DCBL)

**Second Semester : 3rd paper**

Important Components of Bengali Learning: Reading, Writing & Creative Exercises

Full Marks: 75 Time: 3 hours

**২০২৪**

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**দ্বিতীয় ষাণ্মাসিক : ৩য় পত্র**

বাংলা পাঠের গুরুত্বপূর্ণ স্তর লিখন, পঠন এবং সৃজন

পূর্ণমান: ৭৫ সময়: ৩ ঘণ্টা

১। সঠিক শব্দটি শূন্যস্থানে লিখুন : - ১ x ৩ = ৩

ক) ডানদিক থেকে বামদিকে লেখা হয় ____ (খরোষ্টি/ব্রাহ্মী) লিপি।

খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বাংলা বর্ণমালা সংস্কারের সময় ____(ঁ , ং / ঃ , ঁ)। বর্ণ দুটিকে স্বরবর্ণ থেকে ব্যঞ্জনবর্ণের তালিকায় নিয়ে গেছেন।

গ) লিপি হল লেখায় ____ (বর্ণ / ধ্বনি) গুলির প্রয়োগ পদ্ধতি।

২। যে কোনও দু’টি প্রশ্নের উত্তর দিন : - ২ x ২ = ৪

ক) দু’টি প্রাচীন প্রাইমার গ্রন্থের নাম এবং তাদের রচয়িতার নাম লিখুন।

খ) ঈশ্বরচন্দ্রের বাংলা বর্ণমালার আধুনিকীকরণের পূর্বে স্বরবর্ণ এবং ব্যঞ্জনবর্ণ কয়টি ছিল?

গ) রক্ত, গীতাঞ্জলি শব্দ দু’টির স্বচ্ছ বানান কীভাবে লেখা হবে?

৩। যে কোনও একটির উত্তর লিখুন : - ৩ x ১ = ৩

ক) প্রাইমার গ্রন্থের বৈশিষ্ট্য কী কী? প্রাইমার আমাদের কী শেখায়?

খ) যোগীন্দ্রনাথ সরকার রচিত আদর্শ প্রাইমার গ্রন্থগুলির সংক্ষিপ্ত পরিচয় দিন।

অপর পৃষ্ঠায় দেখুন

৪। অতি সংক্ষিপ্ত উত্তর লিখুন (যে কোনও চারটি) : - ১ x ৪ = ৪

ক) বাংলা ভাষায় প্রথম অভিধান গ্রন্থ কে রচনা করেন?

খ) হরিচরণ বন্দ্যোপাধ্যায় প্রণীত অভিধান গ্রন্থটির নাম কী?

গ) অভিধানের ব্যুৎপত্তিগত অর্থ কী?

ঘ) বাংলা বর্ণমালার ক্রমটি মনে রাখার সূত্রটি কী?

ঙ) ‘এনসাইক্লোপেডিয়া’র বাংলা প্রতিশব্দ কী?

৫। ক) ‘শব্দকোষ’ এবং ‘অভিধান’-এর মধ্যে বৈশিষ্ট্যগত পার্থক্যটি উদাহরণ সহ লিখুন। ৩

*অথবা*

খ) অভিধানকে কেন জাতীয় জীবনের দর্পণ হিসেবেও বর্ণনা করা হয়? ৩

৬। সংক্ষেপে লিখুন (যে কোনও চারটি) : - ২ x ৪ = ৮

ক) একজন পাঠক ‘শঙ্করাচার্য’ সম্বন্ধে দর্শনের অভিধান থেকে কী কী বিষয় জানতে পারবে?

খ) কীভাবে অতি অল্প সময়ের মধ্যে অভিধান খুঁজে প্রয়োজনীয় শব্দটির কাছে পৌঁছানো যায়?

গ) যে কোনও কোষ অভিধানের ওপর ভিত্তি করে 'সংস্কৃতি' শব্দটির ওপর টীকা লিখুন।

ঘ) ‘পদ্মফুল’ সম্বন্ধে হরিচরণ বন্দ্যোপাধ্যায়ের অভিধান থেকে কী কী বিষয় জানা যায়?

ঙ) রাজশেখর বসু রচিত ‘চলন্তিকা’ অভিধান গ্রন্থটির বিশেষত্ব কী, যা তাকে প্রতিদিনের ব্যবহারযোগ্য অতি প্রয়োজনীয় করে তুলেছে?

৭। একটি বাক্যে উত্তর লিখুন (যে কোনও পাঁচটি) : - ১ x ৫ = ৫

ক) বাঙালির পাঠাভ্যাসের ওপর সৈয়দ মুজতবা আলীর লেখা নিবন্ধটির নাম কী?

খ) আনাতোলে ফ্রাঁসের মতে ‘চোখ বাড়াবার পন্থা’ কী?

গ) ‘বেসিক’ বা আকর গ্রন্থ বলতে কী বোঝায়?

ঘ) সাধারণত মানুষ গড়ে প্রতি মিনিটে কয়টি শব্দ পড়তে পারে?

ঙ) পাঠতত্ত্ব বিষয়ক ‘অফ স্টাডিস’ প্রবন্ধটি কার লেখা?

চ) ‘পাদটীকা’ বা ‘ফুটনোটস’ কী?

ছ) দার্শনিকরা বিচার বিশ্লেষণ ক্ষমতায় বৃদ্ধির জন্য কোন্ বিষয় পাঠ করার জন্য নির্দেশ দিয়েছেন?

৮। যে কোনও দু’টি প্রশ্নের উত্তর লিখুন : - ২ x ২ = ৪

ক) হিন্দুধর্মে পুস্তক সম্বন্ধে কী বলা হয়েছে?

খ) পাঠতত্ত্ব বা পাঠশাস্ত্রের বিষয় কী?

গ) ‘মনে মনে পাঠ’ বলতে কী বোঝায়? এতে মিনিটে কয়টি শব্দ পড়া যায়?

৯। যে কোনও দু’টির উত্তর দিন : - ৩ x ২ = ৬

ক) পঠন-পাঠনে ‘রিডিং’ এবং ‘স্কিমিং’ বলতে কী বোঝায়? এ দুটি পদ্ধতির গুরুত্ব কী?

খ) পঠন-পাঠনের গুরুত্ব অনুযায়ী বইকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়েছে? সেগুলি কী কী ধরনের?

গ) তথ্যসন্ধানী পাঠক কোনও বৃহৎ আকারের গবেষণা গ্রন্থ থেকে তাঁর প্রয়োজনীয় তথ্য কোন্ পদ্ধতিতে বের করতে পারেন? উদাহরণ সহ লিখুন।

১০। সঠিক উত্তরটি লিখুন : - ১ x ৫ = ৫

ক) জীবনীমূলক রচনা কী ধরনের লেখা? (সৃজনশীল/ মননশীল)

খ) কোনও জনপ্রিয় সাপ্তাহিক পত্রিকায় লিখতে হলে কোন্ ভাষায় লেখাটি হবে? (অ্যাকাডেমিক/ পপুলিস্ট ভাষা)

গ) ‘নির্ঝরের স্বপ্নভঙ্গ’ কবিতাটির রচনাকার কে? (রবীন্দ্রনাথ ঠাকুর/ কাজী নজরুল ইসলাম)

ঘ) সৃজনশীল রচনার ভাষা কেমন হবে? (পোশাকি/ ঘরোয়া)

ঙ) লিখনকর্মের প্রাথমিক স্তর কোনটি? (প্রাক্-প্রস্তুতি/ পরিমার্জন)

১১। যে কোনও দু'টি প্রশ্নের উত্তর লিখুন : - ৩ x ২ = ৬

ক) লেখা শুরুর প্রাথমিক পর্যায়ে কোন্ কোন্ কাজটি করে নেওয়া জরুরি?

খ) মননশীল লেখা বলতে কোন্ ধরনের রচনাকে বোঝায়? উদাহরণ সহ লিখুন।

গ) লিখন প্রক্রিয়ায় 'টার্গেট রিডার' সম্বন্ধে স্পষ্ট ধারণা থাকলে লেখকদের কী কী সুবিধা হতে পারে? উদাহরণ দিয়ে লিখুন।

১২। যে কোনও দু'টির উত্তর দিন : - ২ x ২ = ৪

ক) লেখালেখির জন্য কোন্ তিনটি জিনিসের সমন্বয়ের প্রয়োজন?

খ) রেডিও টিভি স্ক্রিপ্ট রচনাকে সৃজনশীল লেখা বলা যায় কি? যুক্তিসহ লিখুন।

গ) পাণ্ডিত্যের সঙ্গে লিখনকর্মের সম্পর্ক কী?

১৩। টীকা লিখুন (যে কোনও দুটি) : - ৩ x ২ = ৬

ক) রেডিও কথিকা

খ) টাইটেল মিউজিক

গ) বিজ্ঞাপন

১৪। সংক্ষিপ্ত উত্তর লিখুন (যে কোনও চারটি) : - ২ x ৪ = ৮

ক) কমিউনিকেশন কত প্রকারের এবং কী কী?

খ) পোশাকি ভাষা (লিখিত), কমিউনিকেশনে কোথায় কোথায় ব্যবহৃত হয়?

গ) শ্রুতি মাধ্যম হিসেবে রেডিওর প্রধান উপাদান কী কী?

ঘ) কমিউনিকেশনের ক্ষেত্রে বৈদ্যুতিন মাধ্যমের উদাহরণ কী কী?

ঙ) রেডিও (শ্রোতা) আর টিভির (দর্শকের) মধ্যে কী কী পার্থক্য আছে?

১৫। ক) বিজ্ঞাপন কি কেবল উৎপাদিত জিনিস ফেরি করা, না আরও অন্য কিছু? ২

*অথবা*

খ) পঞ্চাশ-ষাটের দশকে আকর্ষণীয় রেডিও বিজ্ঞাপনের দু'টি উদাহরণ লিখুন। ২

১৬। **প্রুফ রিডিং :** (কমা, উদ্ধৃতি চিহ্ন দেওয়া, বানান শুদ্ধ করা ইত্যাদি)।
নীচের (৫নং পৃষ্ঠায় দেখুন) অনুচ্ছেদটির প্রয়োজনীয় সম্পাদনা করুন : - ৪

২০২৪

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**দ্বিতীয় ষাণ্মাসিক : ৩য় পত্র**

বাংলা পাঠের গুরুত্বপূর্ণ স্তর লিখন, পঠন এবং সৃজন

**রোল নং :** | | | | |

## প্রুফ রিডিং

এই অংশটিতে লাল/কালো/নীল কালিতে সংশোধন করে উত্তরপত্রের সঙ্গে জুড়ে দেবেন।

বন্ধুরা তিনি বলতে গেলেন আমি — আমি – কিন্তু কিছু একটা তাঁর গলার স্বরকে বুজিয়ে দিল। তিনি আর কিছু বলতে পারলেন না ব্ল্যাক বোডের দিকে এগিয়ে গেলেন তিনি। একটি টুকর হাতে নিয়ে শরীরের সব শক্তি দিয়ে যতটা বড় করে লেখা সম্ভব তত বড় করে লিখলেন ফ্রান্স দীর্ঘজিবী হোক।

এরপর তিনি দেওয়ালে হেলান দিয়ে দাড়ালেন আর একটি কথাও না বলে হাতে ঈশারায় বুঝিয়ে দিলেন স্কুল শেষ তোমরা এখন চলে যেতে পার।

- শেষ পৃষ্ঠা -